# সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি

Social Islami Bank Limited

**সিলেট শাখা, সিলেট।**

**অর্থঋন আদালত আইন, ২০০৩ এর ১২ (৩) ধারার মোতাবেক**

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **সোশ্যাল ইসলামী ব্যাংক, পিএলসি সিলেট শাখা, সিলেট এর বিনিয়োগ গ্রহিতা প্রোঃ মেসার্স মুন্নু এন্টারপ্রাইজ, মালিকঃ জনাব মোঃ মোশাহিদ আহম্মেদ**, পিতা- আব্দুল মজিদ, ব্যবসায়িক ঠিকানা: বড়দেও, ডাকঘর ও থানা-কোম্পানীগঞ্জ, জেলা-সিলেট। বর্তমান ঠিকানা বড়দেও, ডাকঘর ও থানা- কোম্পানীগঞ্জ, জেলা-সিলেট, স্থায়ী ঠিকানা: বড়দেও, ডাকঘর ও থানা-কোম্পানীগঞ্জ, জেলা- সিলেট এর নিকট ১০/০৬/২০২৬ ইং তারিখ পর্যন্ত **প্রাপ্য মোট : ২৭,৯৪,৪০২ টাকা, কথায় (সাতাইশ লক্ষ চুরানব্বই হাজার চারশত দুই) টাকা** এবং আদায়কালতক মুনাফা ও অন্যান্য খরচ, আদায়ের লক্ষ্যে অত্র ব্যাংকের অনুকুলে বন্ধককৃত ও আম-মোক্তারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসীলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ার্থে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তে  সীলমোহর কৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

### শর্তাবলী

১. আগ্রহী দরদাতাগন তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা,টেলিফোন/মোবাইল নম্বর প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সীলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে "সম্পত্তি নিলাম ক্রয়ের দরপত্র" লিখিয়া **আগামী ১০/০৮/২০২৬ ইং তারিখ** অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি সিলেট শাখা, সিলেট রক্ষিত দরপত্র বাক্সে ফেলিবেন অথবা দরপত্র রেজিষ্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং ঐদিনই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরদাতাগনের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

২. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত  ফটোকপি দাখিল করিতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যেকোন তফসিলী ব্যাংক হইতে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি সিলেট শাখা, সিলেট এর অনূকুলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফ্‌ট বা পে-অর্ডার, দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৪. অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার  পরবর্তী  ৩০(ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মুল্য পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. উপরোক্ত অনুচ্ছেদ-৪ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্ব্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্ব্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরুপ আহবানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ-৪  এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পুর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে,ব্যর্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে।

৬. দরদাতাকে রেজিষ্ট্রেশন সংক্রান্ত খরচ, ষ্ট্যাম্প, ডিউটি ও ভ্যাট অন্যান্য শুল্ক খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।

৭. এক বা একাধিক তফসিলের বিপরীতে একত্রে অথবা আলাদা আলাদা দরপত্র দাখিল করা যাইবে। তবে একত্রে দরপত্র দাখিলের ক্ষেত্রে প্রতিটি তফসিলের জন্য আলাদা আলাদা মূল্য উল্লেখ করিতে হবে।

৮. কম জামানত সমেত/ জামানতবিহীন/ক্রটিপুর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।

৯. অসফল দরদাতার জামানত ফেরৎ দেওয়া হইবে।

১০. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত কোন প্রতিষ্ঠান বা অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবেনা।

১১. দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোন কারনে গ্রহনযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহনে বাধ্য থাকিবেনা এবং কোনরূপ কারন দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যেকোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষন করেন এবং অপরাপর এতদসংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর  বিধান যতদূর সম্ভব অনুসরণীয় হইবে।

১২. দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

### (Schedule of the Property)

**(A)** All that piece and parcel of land measuring an area 1.1825 acres i.e. 118.25 (One hundred eighteen decimals twenty five point) decimals of land situated within.

**(i)** District Sylhet, P.S. Companygonj, Porgona Parua, Mouja Toimurnagar, J.L. No. 62, Khatian No. 354 (Three hundred fifty four), Mutated Khatian No. 640 (Six hundred forty), Dag No. 1511 (One thousand five hundred eleven), Area 0.90 acres. Bounded by: East–Rokeya Begum, West–Waris Ali, North–Minnat Ali, South–Abdur Rashid and others according to title deed no. 10336 dt. 16.8.84 and power of attorney no. 1812 dt. 9.10.04.

**(ii)** District Sylhet, P.S. Companygonj, Mouja Shamshernogor, J.L. No. 63, Khatian No. 71 (Seventy one), Mutated Khatian No. 150 (One hundred fifty), Dag No. 154 (One hundred fifty four), Area 0.1025 acres vide deed no. 3887 dated 8.3.79 & Khatian No. 150.

**(iii)** District Sylhet, P.S. Companygonj, Mouja Toimurnogor, J.L. No. 62, S.S. Khatian No. 162 (One hundred sixty two), R.S. Khatian No. 4622 (Four thousand six hundred twenty two), Dag No. 338 (Three hundred thirty eight), R.S. Dag No. 4943 (Four thousand nine hundred forty three), Area 0.18 acres vide deed no. 3887 dated 8.3.79 & Khatian No. 4622. Within these total area 1.1825 acres i.e. 118.25 (One hundred eighteen decimals twenty five point) decimals of vacant industrial land & other present & future structures together with easement rights available thereon.

**(B)** All that piece and parcel of the land measuring an area of 0.4050 acres i.e. 40.50 (Forty point fifty)decimals of land situated within.

**(i)** District Sylhet, P.S. Companyginj, Porgana Parua, Mouza- Toimurnagar, J.L. No. 62, R.S.J.L. No. 6, Khatian No.377, Mutated Khatian No.711, R.S. Khatian No. 4622, S.S. Dag no. 338 (Three hundred thirty eight), R.S. Dag No. 4943, 4948, 4884 & 4895 (Four thousand nine hundred forty three, four thousand nine hundred forty eight, Four thousand eight hundred eighty four and four thousand eight hundred ninety five), area 0.2250 acres. Bounded By: East-Road & Dholia River, West & North-Abdul Kuddus & others, South-Reaz Ali & others, within this boundary an area 0.2250 acres out of 0.45 acres according to title deed no. 192 dated 04.10.1989.

**(ii)** District Sylhet, P.S. Companyginj, Porgana Parua, Mouza- Toimurnagar, J.L. No. 62, R.S.J.L. No. 6, Khatian No.377, Mutated Khatian No.1367, R.S. Khatian No. 4582, S.S. Dag no. 338 (Three hundred thirty eight), R.S. Dag No. 4943 (Four thousand nine hundred forty three), area 0.03 acres. Bounded By: East-Road & Dholia River, West: Asaddar Ali,  North-Abdul Aziz, South-Abdul Mojid, within this boundary an area 0.03 acres according to title deed no. 2182 dated 23.08.2003.

**(iii)** District Sylhet, P.S. Companyginj, Porgana Parua, Mouza- Shomsernagor, J.L. No. 63, R.S.J.L. No. 46, Khatian No.28, Mutated Khatian No.307, R.S. Khatian No. 3056, S.S. Dag no. 122 (One hundred twenty two), R.S. Dag No. 3025 (Three thousand twenty five), area 0.15 acres. Bounded By: East-Sukkur Ali, West: Ummor Ali,  North-Juded Ali, South-Siddique Ali, within this boundary an area 0.15 acres out of 0.30 acres according to title deed no. 1756 dated 17.12.1986. Within these three boundaries Grand total area 0.4050 acres i.e. 40.50 (Forty Decimal fifty point) decimals of land.


সোশ্যাল ইসলামী ব্যাংক, পিএলসি, সিলেট।
সিলেট শাখার পক্ষে শাখা ব্যবস্থাপক।
মোবাইল নং: ০১৭১৩-১৩৯০০৬।



দৈনিক উত্তর পূর্ব, প্রকাশ ঃ ১০/০৭/২০২৬
সাইজ ঃ ১০ ইঞ্চি ৩ কলাম